তারিখ 13 OCT 1993
পৃষ্ঠা 7 কলাম 6

আজকের কাগজ

# শিক্ষাঙ্গনের অবস্থা ভয়াবহ

## —বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

কাগজ প্রতিবেদক ঃ দেশের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সন্ত্রাসের জন্যে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন সরকারকে দায়ী করেছে। গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবে এক সংবাদ সম্মেলনে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নেতারা বলেন, রাজনৈতিক প্রজ্ঞা ও আইনের শাসন প্রতিষ্ঠার মাধ্যমে শিক্ষাঙ্গনকে সুন্দর করে তোলা যায়। এ জন্যে দরকার সরকারের সদিচ্ছা। সংবাদ সম্মেলনে দেশের শিক্ষা প্রতিষ্ঠানসমূহের বর্তমান অবস্থাকে ভয়াবহ বলে বর্ণনা করা হয়। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন অধ্যাপক মুস্তাফিজুর রহমান, সাইদ-উর রহমান, শরীফ এনামুল কবীর, আকন মোহম্মদ, কায়েস উদ্দিন, কামাল উদ্দিন, আব্দুর রাজ্জাক, ডঃ মনজুরুল আমিন প্রমুখ।